



তফসিল ঘোষণার পর আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও উন্নত হবে: সিইসি



সংগৃহীত ছবি

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হলে দেশের নিরাপত্তা পরিস্থিতি আরও দৃঢ় ও নিয়ন্ত্রণযোগ্য হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। তিনি উল্লেখ করেছেন, ৫ আগস্টের পর থেকে আইনশৃঙ্খলা কিছুটা চ্যালেঞ্জপূর্ণ হলেও তা এখন অনেকটা স্থিতিশীল। বুধবার (২৬ নভেম্বর) বিজিবি সদর দফতরে নির্বাচনী প্রশিক্ষণ ও মহড়া পরিদর্শনকালে সিইসি বলেন, নির্বাচনী ঝুঁকিপূর্ণ এলাকা সনাক্ত করে সেখানে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে। নির্বাচনের সুষ্ঠু ও নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে রেড, ইয়েলো ও গ্রিন জোন নির্ধারণ করা হবে।

তিনি আরও জানিয়েছেন, পুলিশ, আনসার, বিজিবিসহ অন্যান্য বাহিনী নিয়মিত প্রশিক্ষণ নিয়ে নির্বাচনকে নিরাপদ ও সুষ্ঠু করার জন্য প্রস্তুতি নিচ্ছে। সিইসি আশ্বাস দিয়েছেন, কমিশন এই নির্বাচনকে নিরপেক্ষভাবে পরিচালনা করে দেশের জনগণের কাছে একটি সুন্দর ও শান্তিপূর্ণ নির্বাচন উপহার দিতে সচেষ্ট থাকবে।

LENS ASIA